

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।
তারিখ : ১০.১২.২০১৮ খ্রি.
সময় : সকাল ১১.০০ টা
স্থান : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সভা কক্ষ।
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনার লক্ষ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র ইনোভেশন কমিটির সভাপতি জনাব মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক এর সভাপতিত্বে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।

২.০ আলোচনা:

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে এবং জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়নে উদ্ভাবন চর্চায় গুরুত্বারোপ করা হয়েছে। এ লক্ষ্যে সরকারী কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে সক্ষমতা অর্জন ছাড়া বিকল্প কোন উপায় নেই। কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ বিষয়ে সচেতনতা তৈরি এবং প্রশিক্ষণের উপর গুরুত্ব প্রদান করা হয়। সভায় জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা মোতাবেক সেবাগ্রহীতাদেরকে সহজে অধিকতর উন্নত সেবা প্রদানের লক্ষ্যে ২০১৮-১৯ অর্থবছরের খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ৩১.১২.২০১৮ খ্রি. এর মধ্যে দপ্তর প্রধানের কক্ষে একটি ড্যাশ বোর্ড স্থাপন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০ সিদ্ধান্ত: নির্দিষ্ট সময়ের মধ্যে দপ্তর প্রধানের কক্ষে একটি ড্যাশবোর্ড স্থাপন।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬.১২.১৮
মোঃ মামুনুর রশীদ
সভাপতি, ইনোভেশন কমিটি।
ও
উপপরিচালক
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

নং- ২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২.৯৩৯

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৫
১৩ ডিসেম্বর ২০১৮

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। কর্মকর্তা (সকল)..... বিএমডি, ঢাকা।
২। সংশ্লিষ্ট নথি।

১৬.১২.১৮
মোঃ মামুনুর রশীদ
উপপরিচালক